দৈনিক ইনকিলাব

তারিখ OCT 30 1999
পৃষ্ঠা ... কলাম ...

# কল্যাণ ট্রাস্টে চাঁদাদানকারী মৃত ও অবসরপ্রাপ্ত শিক্ষক কর্মচারীদের প্রাপ্ত অর্থের জন্য আবেদন করার অনুরোধ

প্রেস বিজ্ঞপ্তি ঃ 'বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টের' ট্রাস্টী বোর্ডের সচিব প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদ, সদস্যবৃন্দ প্রিন্সিপাল মোঃ শাহজাহান, আবু বকর সিদ্দিক, আলাউদ্দিন ভূঁইয়া, মোঃ বজলুর রহমান, কফিলুদ্দীন সরকার, মোঃ রফিকুল ইসলাম মন্টু, মোঃ নূরুল আমীন এক বিবৃতিতে জুলাই থেকে ডিসেম্বর '৯০ এবং ১৯৯৭-এর মে'র পর থেকে ট্রাস্টে চাঁদা প্রদানকারী মৃত ও অবসরপ্রাপ্ত বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষক কর্মচারীদের ট্রাস্টের আওতায় প্রাপ্য আর্থিক সুবিধাদি প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষাক/কর্মচারী ও তাদের উত্তরাধিকারীদের (মৃত শিক্ষক-কর্মচারীদের ক্ষেত্রে) ট্রাস্টের অস্থায়ী কার্যালয়, ট্রাস্টী বোর্ডের সচিব ও সদস্যবৃন্দ থেকে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর 'শিক্ষা ভবন'-এর বি-ব্লকে নীচতলায় ট্রাস্টের অস্থায়ী দফতরে, ট্রাস্টী বোর্ডের সচিবের কলেজ প্রিন্সিপালের দফতরে (শেখ বোরহানুদ্দীন পোস্ট গ্র্যাজুয়েট কলেজ, ৬২ নাজিমুদ্দীন রোড, ঢাকা-১১০০) এবং আবেদনকারী শিক্ষক-কর্মচারী যে সংগঠনের সদস্য, সেই সংগঠনের মাধ্যমে অর্থাৎ মোট ৩টি আবেদন ফরম জমা দেয়ার জন্য অনুরোধ জানিয়েছেন।